গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**পানি সম্পদ মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ড. এ. কে. এম শাহাবুদ্দিন<br>সচিব |
| সভার তারিখ | ২৬ ফেব্রুয়ারি ২০২৬ |
| সভার সময় | বেলা ০২.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত |
|---|---|---|---|---|
| ১ | **গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন** | সভায় জানুয়ারি ২০২৬ মাসের কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। সংশোধন প্রস্তাব থাকলে উপস্থাপনের আহ্বান জানানো হয়। কোন সংশোধনী প্রস্তাব উপস্থাপিত হয়নি। | জানুয়ারি ২০২৬ মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | প্রশাসন-০২ শাখা, পাসম |
| ২ | **নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা গ্রহণ** | মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের জারিকৃত পত্রের পরিপ্রেক্ষিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের নির্বাচনী ইশতেহার অনুযায়ী স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। | (১) সকল অনুবিভাগ প্রধান, পাসম ও<br>(২) সকল সংস্থা প্রধান |
| ৩ | **জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি** | জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। জেলা প্রশাসক সম্মেলনে চলমান কার্যাবলিসমূহ এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত চলমান কার্যাবলিসমূহ এবং ভবিষ্যৎ করণীয় পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বাপাউবো যুগ্মসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা) |
| ৪ | **সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি** | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও প্রাপ্ত রিপোর্ট যাচাই-বাছাই করে পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রেরণ করতে হবে। যাচাই-বাছাই করে পরবর্তী সভায় প্রতিটি সংস্কারের প্রকৃত অগ্রগতি উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট) এবং সকল সংস্থা প্রধান |
| ৫ | **Governance Performance Monitoring System (GPMS)** | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ মন্ত্রণালয়ের Governance Performance Monitoring System (GPMS) বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী GPMS কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | GPMS ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং যুগ্মসচিব (RM&PR ইউনিট) পাসম |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাস্তবায়ন অগ্রগতি | ২০৩০ সালের মধ্যে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট SDG লক্ষ্যমাত্রা পূরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | পানি সম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট SDG Goal বাস্তবায়নের জন্য যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (SDG), মহাপরিচালক, বাপাউবো ও সদস্য, জেআরসি |
| ৭ | আন্ত:সীমান্ত নদী চুক্তি | আন্তঃসীমান্ত নদী চুক্তির বিষয়ে সভায় আলোচনা হয়। | আন্ত: সীমান্ত নদী চুক্তি বিষয়ে যৌথ নদী কমিশন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | সদস্য<br>যৌথ নদী কমিশন |
| ৮ | **মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ এবং ডি-নথিতে দাপ্তরিক কাজ সম্পাদন** | মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, তথ্য/ছবি আপলোডকরণ এবং ডি-নথি বিষয়ে সভায় আলোচনা হয়। | মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে; এ বিষয়ে মন্ত্রণালয় ও সংস্থায় ওয়েবসাইট হালনাগাদকরণ কমিটি করতে হবে। যাচাই-বাছাই করে সঠিক তথ্য/ছবি আপলোড করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রম যথারীতি ডি-নথিতে সম্পাদন করতে হবে। | (১) অতিরিক্ত সচিব (প্রশাসন), পাসম<br>ও<br>(২) সকল সংস্থা প্রধান |
| ৯ | সংস্থাসমূহের শূন্যপদ পূরণ | দপ্তর/সংস্থায় নিয়োগ সংক্রান্ত পরীক্ষা থাকলে মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করা এবং নিয়োগ কার্যক্রম স্বচ্ছতার সাথে দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) নিয়োগ কার্যক্রম স্বচ্ছতার সাথে দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(২) দপ্তর/সংস্থায় কোন নিয়োগ পরীক্ষা থাকলে পরীক্ষা গ্রহণের কমপক্ষে ০৭ দিন পূর্বে মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করতে হবে। | সকল সংস্থা প্রধান ও প্রশাসন-২ শাখা, পাসম |
| ১০ | উন্নয়ন প্রকল্প ও আপদকালীন কার্যক্রম পরিদর্শন | উন্নয়ন প্রকল্প এবং আপদকালিন কার্যক্রম পরিদর্শনের জন্য ইতঃপূর্বে গঠিত টীম হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও পরিদর্শনে যাওয়া ও রিপোর্টিং বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত পরিদর্শন টীম হালনাগাদ করতে হবে।<br>(২) প্রত্যেক কর্মকর্তা পরিদর্শনে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট থেকে ভ্রমণসূচি অনুমোদন করে নিবেন এবং পরিদর্শন শেষে সচিব বরাবর প্রতিবেদন দাখিল করবেন। উল্লেখ্য, পরিদর্শন সূচীতে শুক্র/শনিবার অন্তর্ভুক্ত করতে হবে। | (১) অতিরিক্ত সচিব (প্রশাসন), পাসম<br>ও<br>(২) সকল সংস্থা প্রধান |
| ১১ | হাওর অঞ্চল সুরক্ষা | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ কার্যালয়ের কার্যক্রম পূর্ণাঙ্গভাবে শুরু করার বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ জেলার অফিস কার্যক্রম দ্রুত পূর্ণমাত্রায় চালুর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক,<br>বাহাওজউঅ |
| ১২ | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য টাস্কফোর্স/টীম গঠন, রিভিউ সভা ইত্যাদি বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। | (১) সংস্থার ক্ষেত্রে বিশেষ করে বাপাউবো অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে টাস্কফোর্স/টীম গঠন করবে।<br>(২) SFI নিষ্পত্তির জন্য টাস্কফোর্স প্রতিমাসে রিভিউ সভা করে মন্ত্রণালয়কে অবহিত করবে।<br>(৩) নিয়মিতভাবে দ্বিপক্ষীয়/ ত্রিপক্ষীয় সভা আয়োজন অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও অডিট) এবং সকল সংস্থা প্রধান |
| ১৩ | সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য | সকল বিভাগীয় মামলা গুরুত্ব দিয়ে বিবেচনার পাশাপাশি নির্ধারিত সময় ও নিয়মে শেষ করার বিষয়ে আলোচনা করা হয়। | সকল বিভাগীয় মামলাগুলোকে যথাযথ গুরুত্ব প্রদানপূর্বক নির্ধারিত সময় এবং নিয়মে শেষ করতে হবে। | (১) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), পাসম<br>ও<br>(২) সকল সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | **সংস্থাসমূহের মামলা সংক্রান্ত বিষয়** | স্পর্শকাতর ও সরকারি স্বার্থ রয়েছে এরূপ মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নেওয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতিটি সমন্বয় সভায় পূর্ববর্তী মাসের মামলা সংখ্যা, নতুন মামলা, নিষ্পত্তিকৃত মামলা ও চলমান মামলার তুলনামূলক প্রতিবেদন উপস্থাপন করতে হবে। দীর্ঘদিন পেন্ডিং থাকা মামলাগুলো তালিকাভুক্ত করে দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। সরকারী স্বার্থ সম্বলিত মামলাগুলো পরিচালনায় যথাযথ পদক্ষেপ নিতে হবে। | (১) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), পাসম<br>ও<br>(২) সকল সংস্থা প্রধান |
| ১৫ | **উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর ইকুইপমেন্ট/যানবাহন হস্তান্তর** | যে সকল প্রকল্প গত বছর ও বর্তমান বছরে শেষ হয়েছে সেগুলোর যানবাহনসমূহ TO&E ভুক্ত করার জন্য দ্রুত ব্যবস্থা নেয়ার পাশাপাশি বাকিগুলোও পর্যায়ক্রমে অন্তর্ভুক্তির কার্যক্রম নেয়ার বিষয়ে আলোচনা হয়। | যে সকল প্রকল্প গত বছর ও বর্তমান বছরে শেষ হয়েছে সেগুলোর যানবাহনসমূহ TO&E ভুক্ত করার জন্য দ্রুত ব্যবস্থা নিতে হবে। বাকিগুলো পর্যায়ক্রমে অন্তর্ভুক্তির কার্যক্রম গ্রহণ করতে হবে। | **(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), পাসম<br>ও<br>(২) সকল সংস্থা প্রধান** |
| ১৬ | **পানি সম্পদ মন্ত্রণালয়ের Allocation of Business হালনাগাদকরণ** | **এ মন্ত্রণালয়ের Allocation of Business হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়।** | **Allocation of Business হালনাগাদ করার বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।** | যুগ্মসচিব (RM&PR)<br>পাসম |
| ১৭ | **বিবিধ** | | | |
| | **বিবিধ বিষয়ে আলোচনা** | (ক) বিদ্যুৎ/বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার এবং অগ্নি-নিরাপত্তা নিশ্চিত করণের বিষয়ে আলোচনা করা হয়। | ( ক) বিদ্যুৎ ও এসি ব্যবহারে মন্ত্রণালয়সহ সকল সংস্থাকে অধিকতর সাশ্রয়ী হতে হবে ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের (এসি) তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা এর ওপর রাখতে হবে এবং অন্যান্য সকল ক্ষেত্রে অপচয় রোধ করতে হবে। | সকল কর্মকর্তা, পাসম/সকল সংস্থা প্রধান |
| | | (খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং অন্যান্য সংস্থার জমি ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করা হয়। | (খ) (i) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জমির বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছকে মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। আগামী ১৫ কার্যদিবসের মধ্যে হার্ডকপি ও সফটকপি প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(ii) কোন ভূমি অধিগ্রহণ মামলার জমি যদি অদ্যাবধি গেজেটভুক্ত এবং নামজারী না হয়ে থাকে তা অনতিবিলম্বে সম্পাদন করতে হবে।<br><br>(iii) জেলা ভিত্তিক অব্যবহৃত/ অবৈধ দখলে থাকা জমির তথ্য নির্ধারিত ছক মোতাবেক সংগ্রহ ও যাচাইপূর্বক অব্যবহৃত/অবৈধ দখলে থাকা জমি ভবিষ্যতে আর প্রয়োজন না হলে Resume করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র দিতে হবে।<br><br>(iv) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সহ অন্যান্য সংস্থার নিজেদের জমির ব্যবস্থাপনা সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থাকেই যথারীতি করতে হবে। দপ্তর/ সংস্থাসমূহের জমির ব্যবস্থাপনা সঠিক আছে কি-না তা নিয়মিতভাবে মনিটরিং করতে হবে। | (১) অতিরিক্ত সচিব (উন্নয়ন),পাসম<br>ও<br>(২) মহাপরিচালক, বাপাউবো |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) হাওর অঞ্চলে কাবিটার মাধ্যমে বাস্তবায়নাধীন কাজ সম্পর্কে আলোচনা করা হয়। | (ক) হাওর অঞ্চলে কাবিটার মাধ্যমে ডুবন্ত বাধ সংস্কার/মেরামত কাজ নির্ধারিত নিয়মানুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>(খ) কাজের গুনগতমান নিশ্চিত করতে হবে এবং<br>(গ) আলোচ্য কার্যক্রম মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাগণ যথারীতি পরিদর্শন করবেন এবং প্রতিবেদন দাখিল করবেন। | মহাপরিচালক (বাপাউবো)<br>যুগ্মসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন) |
| | **যথাসময়ে অফিসে উপস্থিতি ও ত্যাগ** | (ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৮২ নং স্মারক অনুযায়ী এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, কর্মচারী ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা, কর্মচারীগণ নির্ধারিত সময় অনুযায়ী অফিসে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৮২ নং স্মারক অনুযায়ী এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, কর্মচারী ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা, কর্মচারীগণ নির্ধারিত সময় অনুযায়ী অফিসে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করতে হবে। | সকল সংস্থা প্রধান<br>ও<br>সকল কর্মকর্তা/কর্মচারী, পাসম। |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭-০৩-২০২৬
ড. এ. কে. এম শাহাবুদ্দিন
সচিব
ফোন : ২২৩৩৫৬৭৭৩

**নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.০৬.০০৬৪.১৭.১৬৮

তারিখ: ৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৭ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৫ মার্চ ২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিলের অনুরোধসহ:**

১। প্রথম শ্রেণির কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।
২। সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।।
৫। প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় এবং
৬। অফিস কপি, ।

১৯-০৩-২০২৬
মুহাম্মাদ ইব্রাহীম
উপসচিব